



৭.৯.২০২৩ তারিখ থেকে কয়েকটি নির্দিষ্ট তৃতীয় দেশের নাগরিকদের সাময়িক সুরক্ষা দেওয়া হবে না

ইউক্রেনে অস্থায়ী আবাসিক পার্মিটের ভিত্তিতে বাস করা তৃতীয় দেশের নাগরিকদের এবং রাষ্ট্রহীন ব্যক্তিদের ৭.৯.২০২৩ তারিখ থেকে ফিনল্যান্ড-এ সাময়িক সুরক্ষা মঞ্জুর করা হবে না। তৃতীয় দেশের নাগরিক তারা, যারা ইউরোপীয় ইউনিয়ন এবং শেনগেন চুক্তির বাইরের দেশের নাগরিক।

যাদের ক্ষেত্রে এই পরিবর্তন প্রযোজ্য নয়:

- ইউক্রেনের নাগরিক এবং তাদের পরিবারের সদস্য
- যারা ইউক্রেনে আন্তর্জাতিক সুরক্ষা পেয়েছেন এবং তাদের পরিবারের সদস্যরা, এবং
- যাদের ইউক্রেনে স্থায়ীভাবে বসবাসের অনুমতি আছে, যদি তারা নিরাপদে এবং স্থায়ীভাবে তাদের নিজের দেশে ফিরে যেতে না পারেন।

পরিবর্তনটি প্রযোজ্য ৭.৯.২০২৩ তারিখে এবং তার পরে সাময়িক সুরক্ষার জন্য জমা দেওয়া আবেদনের ক্ষেত্রে। ফিনিশ ইমিগ্রেশন সার্ভিস ৭.৯.২০২৩ তারিখের আগে জমা দেওয়া সাময়িক সুরক্ষা আবেদনগুলি বিবেচনা করবে পূর্ববর্তী সিদ্ধান্ত অনুসারে।

সাময়িক সুরক্ষার ভিত্তিতে ফিনল্যান্ডে ইতিমধ্যে ইস্যু করা আবাসিক পার্মিটগুলি ৪.৩.২০২৪ তারিখ পর্যন্ত বৈধ।

তৃতীয় দেশের নাগরিক এবং রাষ্ট্রহীন ব্যক্তিদের সাময়িক সুরক্ষা প্রদানের বিষয়টির পরিবর্তন সরকারের সিদ্ধান্তের উপর ভিত্তি করে করা হয়েছে।

আপনাকে আন্তর্জাতিক সুরক্ষা, পারিবারিক বন্ধন বা স্থায়ী বসবাসের অনুমতির নথি উপস্থাপন করতে হবে

আপনি যদি ফিনল্যান্ডে সাময়িক সুরক্ষার জন্য আবেদন করেন এবং আপনি যদি তৃতীয় দেশের নাগরিক অথবা রাষ্ট্রহীন হন তবে আপনাকে অবশ্যই নিম্নলিখিত বিষয় গুলির মধ্যে একটি প্রমাণ হিসাবে উপস্থাপন করতে হবে: আপনার ইউক্রেনীয় নাগরিকের সাথে পারিবারিক বন্ধন রয়েছে, আপনি বা আপনার পরিবারের একজন সদস্য ইউক্রেনে আন্তর্জাতিক সুরক্ষা পেয়েছেন অথবা আপনার ইউক্রেনে স্থায়ী বসবাসের অনুমতি আছে।

- প্রমাণ হিসাবে গ্রহণ করা যেতে পারে, উদাহরণস্বরূপ, বিবাহের সার্টিফিকেট, ইউক্রেনীয় নাগরিকের সম্ভাব্য জন্মের সার্টিফিকেট, ইউক্রেন দ্বারা মঞ্জুর করা একটি শরণার্থী সার্টিফিকেট অথবা ইউক্রেন দ্বারা মঞ্জুর করা একটি স্থায়ী বসবাসের অনুমতি
 - আপনি যদি স্থায়ী বসবাসের অনুমতি নিয়ে ইউক্রেনে থেকে থাকেন, তাহলে খোঁজ নেওয়া হবে আপনি নিরাপদে এবং স্থায়ীভাবে আপনার দেশে ফিরে যেতে পারবেন কিনা। সাময়িক সুরক্ষার আবেদন বিবেচনা করার সময় আমরা যদি আপনার দেশে ফিরে যাওয়ার সম্ভাবনার মূল্যায়ন করতে না পারি, তাহলে আপনাকে [আশ্রয়ের জন্য আবেদন](#) করার নির্দেশ দেওয়া হবে।
- ফিনিশ ইমিগ্রেশন সার্ভিস আপনার আবেদনে উপস্থাপন করা প্রমাণের ভিত্তিতে একটি সিদ্ধান্ত নেবে। সিদ্ধান্ত ইতিবাচক বা নেতিবাচক হতে পারে।